

৫০১১৯



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

পেমেন্ট সিস্টেম্‌স ডিপার্টমেন্ট

পিএসডি সার্কুলার নং-০৮/২০২২

২৬ বৈশাখ, ১৪২৯
তারিখ : -----
০৯ মে, ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা,
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

আর্থিক প্রতিষ্ঠানসমূহকে BD-RTGS ব্যবস্থায় অন্তর্ভুক্তকরণ প্রসঙ্গে।

আপনারা অবগত আছেন যে, সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক আন্তঃব্যাংক মানি মার্কেট Dealing সংক্রান্ত যাবতীয় কার্যাবলী আবশ্যিকভাবে EDSMoney প্ল্যাটফর্মের মাধ্যমে সম্পাদিত হচ্ছে। EDSMoney প্ল্যাটফর্মের মাধ্যমে Dealing সম্পাদনের পর Fund Settlement এর বিষয়টি গতিশীল ও তাৎক্ষণিকভাবে নিষ্পত্তির লক্ষ্যে আর্থিক প্রতিষ্ঠানসমূহকে Bangladesh Real Time Gross Settlement (BD-RTGS) ব্যবস্থায় অন্তর্ভুক্ত করা হলো। তবে, প্রাথমিকভাবে আর্থিক প্রতিষ্ঠানসমূহ শুধু প্রাতিষ্ঠানিক লেনদেন (Pacs.009) করতে পারবে; কোন গ্রাহকের লেনদেন (Pacs.008) করতে পারবে না। আগামী ১ জুন, ২০২২ তারিখ হতে RTGS ব্যবস্থায় লেনদেন শুরু করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ মেজবাউল হক)
মহাব্যবস্থাপক
ফোন: ০২-৯৫৩০১৭৪